গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
এপিডি অনুবিভাগ
www.mopa.gov.bd

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: মাঠ প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণের নির্বাচনকালীন অভিযোগ/ঘটনার পরিপ্রেক্ষিতে গৃহীত কার্যক্রম।

| **কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল** | **অভিযোগ/ঘটনার বিবরণ** | **বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত কার্যক্রম** | **জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থা** |
|---|---|---|---|
| জনাব মো: আশরাফুল আলম রাসেল (১৮১১৬)<br>উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ঝিনাইগাতী কর্তৃক ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে শেরপুর জেলার ১৪৫ শেরপুর-৩ (শ্রীবরদী ও ঝিনাইগাতী উপজেলা) সংসদীয় আসনের ঝিনাইগাতী উপজেলায় প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নির্বাচনি ইশতেহার পাঠ অনুষ্ঠান গত ২৮ জানুয়ারি ২০২৬ তারিখ দুপুর ০২.৩০ টায় ঝিনাইগাতী উপজেলা মিনি স্টেডিয়াম মাঠে আয়োজন করা হয়।<br><br>উক্ত অনুষ্ঠানস্থলে চেয়ারে বসাকে কেন্দ্র করে দুটি রাজনৈতিক দলের কর্মীদের মধ্যে চেয়ার ছুড়াছুরির ঘটনা শুরু হয় এবং এক পর্যায়ে অনুষ্ঠান পন্ড হয়ে যায়। এত উভয় পক্ষের আনুমানিক ২৫-২৬ জন কর্মী-সমর্থক আহত হন।<br><br>পরবর্তীতে একটি রাজনৈতিক দলের কর্মী-সমর্থকগণ অনুষ্ঠানস্থল থেকে তাদের গন্তব্যস্থলে যাওয়ার সময় অন্য একটি রাজনৈতিক দলের কার্যালয়ের সামনে উভয় পক্ষের মধ্যে ইট-পাটকেল নিক্ষেপ ও মারামারির ঘটনা ঘটে। এত উভয় পক্ষের আনুমানিক ২৪-২৬ জন গুরুতর আহত হন।<br><br>আহতদের মধ্যে জনাব রেজাউল করিম (৪৫), পিতা: মাওলানা আব্দুল আজিজ, সাং: গোপালখিলা, শ্রীবরদী কে আশঙ্কাজনক অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয় এবং আনুমানিক রাত ০৯.২০ টায় চিকিৎসাধীন অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। উল্লেখ্য তিনি একই সংসদীয় আসনের শ্রীবরদী উপজেলার একটি রাজনৈতিক দলের উপজেলা পর্যায়ের সাধারণ সম্পাদক ছিলেন।<br>উদ্ভুত পরিস্থিতিতে জেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির সভা করা হয়েছে। কোর কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বিজিবি মোতায়নের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং ০৪ প্লাটুন বিজিবি মোতায়েনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক উপর্যুক্ত বিষয়ে উত্তেজনাকর পরিস্থিতি প্রশমনে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ঝিনাইগাতীকে প্রশাসনিক কারণে প্রত্যাহারপূর্বক অন্যত্র বদলির জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে টেলিফোনে নির্দেশনা প্রদান করা হয়। | বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিয়োগ শাখার ২৯ জানুয়ারি ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৩৮.১৯.০০০১.২৬.৫৬ নং প্রজ্ঞাপনমূলে প্রত্যাহারপূর্বক বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় হিসেবে নিয়োগ করা হয়েছে। নির্বাচন কমিশন সচিবালয়-এর ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৩৫.১৯.০০২.২৫ (অংশ-১০)-৭৭ নং পত্রের সম্মতির আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৯.২৪-৩৪ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা হিসেবে বদলি করা হয়েছে। |

| কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | অভিযোগ/ঘটনার বিবরণ | বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত কার্যক্রম | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|
| জনাব মোঃ আল-আমীন (১৮৩২৫)<br>উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলায় আর্মি ক্যাম্প, চুয়াডাঙ্গা এর সেনাবাহিনী কর্তৃক গত ১২ জানুয়ারি ২০২৬ তারিখে অভিযান পরিচালনাকালে একটি রাজনৈতিক দলের পৌর ইউনিটের সাধারণ সম্পাদককে আটক করা হয়। পরবর্তীতে সেনাবাহিনী কর্তৃক জিজ্ঞাসাবাদকালে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন এবং জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়ার পথে মৃত্যুবরণ করেন। মৃত ব্যক্তির সুরতহাল রিপোর্ট শেষে দাফন কার্যক্রম সম্পন্ন করা হয়। এতে সেখানে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়।<br><br>সার্বিকভাবে উপজেলা নির্বাহী অফিসারের ভূমিকার বিষয়ে জনমনে কিছুটা প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় তাঁকে প্রত্যাহারের প্রয়োজনীয়তার উদ্ভব হয়। | বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক উপর্যুক্ত বিষয়ে উত্তেজনাকর পরিস্থিতি প্রশমনে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, জীবননগর-কে প্রশাসনিক কারণে প্রত্যাহারপূর্বক অন্যত্র বদলির জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে টেলিফোনে নির্দেশনা প্রদান করা হয়। | নির্বাচন কমিশন সচিবালয়-এর ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৩৫.১৯.০০২.২৫ (অংশ-১০)-৭৭ নং পত্রের সম্মতির পরিপ্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৯.২৪-৩৪ নং প্রজ্ঞাপনমূলে প্রত্যাহারপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর হিসেবে বদলি করা হয়েছে। |